# দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয় ঢাকা
www.acc.org.bd

স্মারক নম্বর ০৪.০১.০০০০.১০৪.৭২.০০১.২৫.৪৭৩৭০ — তারিখ: ২৪ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ / ০৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্নীতি দমন কমিশনের নিম্নলিখিত শূন্য পদসমূহ অস্থায়ীভিত্তিতে পূরণের জন্য পদের নামের পার্শ্বে বর্ণিত জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর বেতনক্রমে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে অনলাইনে (Online) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম | বেতনক্রম | শূন্য পদের সংখ্যা | নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক | জাতীয় বেতনক্রম: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | ২০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী |
| ২. | উপসহকারী পরিচালক | জাতীয় বেতনক্রম ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | ৫০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী |
| ৩. | কোর্ট পরিদর্শক | জাতীয় বেতনক্রম ১৬,০০০-৩৮,৬৪০/- ( গ্রেড-১০) | ৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী অথবা এলএলবি ডিগ্রী |
| ৪. | সহকারী পরিদর্শক | জাতীয় বেতনক্রম: ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) | ১০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী |
| ৫. | হিসাবরক্ষক | জাতীয় বেতনক্রম ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী |
| ৬. | ক্যাশিয়ার | জাতীয় বেতনক্রম ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ১ | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য শাখায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ উচ্চ মাধ্যমিক বা সমমানের সার্টিফিকেট |
| | | মোট= | ৮৫ | |

**অনলাইনে (online) আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে :**

১। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ও পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি দুর্নীতি দমন কমিশনের www.acc.org.bd ওয়েবসাইটে পাওয়া যাবে:

২। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

৩। আবেদনকারীর বয়স ১ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং অনূর্ধ্ব ৩২ বৎসর হতে হবে এবং ০১, ০২, ০৩, ০৪ ও ০৫নং পদসমূহের ক্ষেত্রে দুর্নীতি দমন কমিশনে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে ৫ (পাঁচ) বছর শিথিলযোগ্য।

৪। অনলাইনে আবেদন করার সময় বিভাগীয় প্রার্থী কর্তৃক Departmental Candidate-এর তথ্য উল্লেখপূর্বক অবশ্যই আবেদনপত্র পূরণ করতে হবে। তবে, বিভাগীয় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তিপত্র গ্রহণ করতে হবে এবং অনাপত্তিপত্রের মূলকপি মৌখিক পরীক্ষা গ্রহণকালে প্রদর্শন করতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে সরকার এবং কমিশনের বিদ্যমান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে:

৬। ক্রমিক নং ১, ২ ও ৩-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- টাকা, ক্রমিক নং ৪ ও ৫-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ১৮/- টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১৬৮/- টাকা এবং ক্রমিক নং ৬-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ১০০/- (একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- টাকা আবেদনের নিয়মাবলী অনুসরণ করে শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে SMS-এর মাধ্যমে প্রদান করতে হবে।

৭। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৮। প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৯। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে; অন্যথায় পরবর্তীতে উক্ত শিক্ষাগত যোগ্যতা কোন ক্রমেই গ্রহণ করা হবে না;

১০। এসএসসি ও সমমান, এইচএসসি ও সমমান এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ তথা প্রচলিত গ্রেডিং পদ্ধতির সঙ্গে পূর্বের বিভাগ/শ্রেণির সমতাকরণ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় থেকে জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে;

১১। মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র আবশ্যিকভাবে দাখিল করতে হবে। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত তথ্যাবলি :**

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:**

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://acc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান **শুরুর তারিখ ও সময় ১৫ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।**

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের **শেষ তারিখ ও সময় ০৫ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ বিকাল-০৫:০০ ঘটিকা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

দুর্নীতি দমন কমিশন এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

দুর্নীতি দমন কমিশন এর টেলিটক জব পোর্টালে প্রবেশ এর QR Code

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮.০৯.২০২৫

**দাউদ হোসেন চৌধুরী**
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)
ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি কমিটি
দুর্নীতি দমন কমিশন

ডিজি-১৭৯০/২৫ (১৫×৪)